

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪০৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - আংটির বর্ণনা

আরবী

عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كانَ يمنعُ أَهلَ الْحِلْيَةَ وَالْحَرِيرَ وَيَقُولُ: «إِنْ كُنْتُمْ تُحِبُّونَ حِلْيَةَ الْجَنَّةِ وَحَرِيرَهَا فَلَا تَلْبَسُوهَا فِي الدُّنْيَا» . رَوَاهُ النَّسَائِيِّ

বাংলা

8808-[২২] 'উকবাহ্ ইবনু 'আমির (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অলঙ্কার ও রেশমী কাপড় ব্যবহারকারীদেরকে এ বলে নিষেধ করতেন যে, যদি তোমরা জান্নাতের অলঙ্কার ও তার রেশম পরিধান করাকে পছন্দ করো, তবে এগুলো দুনিয়াতে পরিধান করো না। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৫১৩৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৩৮, সহীহুল জামি' ১৪৩৮, আল জামি'উস্ সগীর ২৩১৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২০৬৩, মুসনাদে আহমাদ ১৭৩১০, সহীহ ইবনু হিব্বান ৫৪৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ব্যাপারটা ঠিক সে রকম যেমনটা আবৃ মূসা আল আশ্'আরী (রাঃ) হতে বর্ণিত রয়েছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "যে ব্যক্তি আখিরাতকে ভালোবাসবে সে দুনিয়ায় ক্ষতিগ্রস্ত হবে এবং যে ব্যক্তি দুনিয়াকে (দুনিয়ার লোভ, লালসা-বিলাশ) ভালোবাসবে সে আখিরাতে ক্ষতিগ্রস্ত হবে। অতএব তোমরা চিরস্থায়ী (আখিরাত)-কে অস্থায়ী (দুনিয়া) বস্তুর উপর অগ্রাধিকার দাও।

আলোচ্য হাদীসটির ব্যাপারে ইমাম বাগাবী (রহিমাহুল্লাহ) বলেছেন, "উল্লেখিত হাদীসটি আবূ মূসা আল আশ্'আরী (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীস, "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, স্বর্ণ এবং রেশম পরিধান করা আমার উম্মাতের নারীদের জন্য তা হালাল করা হয়েছে" দ্বারা রহিত করা হয়েছে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন